



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pru.bhbfc@gmail.com


প্রেস বিজ্ঞপ্তি

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে বিএইচবিএফসি'র বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক স্বাক্ষর



১২.১০.২০১৫ খ্রি. তারিখে অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের ২০১৫-২০১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব ড. এম. আসলাম আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এম. এ. মান্নান, এমপি। অনুষ্ঠানে কর্পোরেশনের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ এবং ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার। এ সময় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উর্ধ্বতন কর্মকর্তা এবং বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।

২০১৪-২০১৫ অর্থবছরে অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক নির্ধারিত Indicator এর বিপরীতে ১০০ শতাংশের মধ্যে কর্পোরেশন ৮৮.১৭ শতাংশ অর্জন করায় মন্ত্রণালয় সন্তোষ প্রকাশ করেন। উল্লেখ্য, কর্পোরেশনের ঋণ আদায় ও বিতরণ, ঋণ আবেদন নিষ্পত্তি, শাখা অটোমেশন, শ্রেণীকৃত ঋণ আদায়, অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি পাওয়ায় সার্বিক কর্মকাণ্ডে উল্লেখযোগ্য অগ্রগতি সম্ভব হয়েছে।


ডেড. এম. হাফিজুর রহমান
জনসংযোগ কর্মকর্তা (এ.জি.এম)
বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন